

স্মারক নং- ১২.১৭.৩৫০০.০৩৯.৯৯.০০১.২৪-

তারিখ : ০৪/১১/২০২৪ খ্রিঃ

**বিষয়: কৃষি প্রণোদনার আওতায় বীজ ও সার বিতরণ এবং সমলয় চাষাবাদে কৃষকদের দক্ষতা বৃদ্ধিতে করণীয়।**

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ এর ২০ অক্টোবর ২০২৪ খ্রি তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার ১৩ নং অনুচ্ছেদ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে কৃষি প্রণোদনার আওতায় বীজ ও সার বিতরণ এবং সমলয় চাষাবাদে কৃষকদের দক্ষতা বৃদ্ধিতে করণীয় অত্রসাপথ প্রেরণ করা হলো।


**কৃষি প্রণোদনার সার, বীজ বিতরণে করণীয় :**

- উপযুক্ত কৃষক নির্বাচন করতে হবে এবং অগ্রাধিকার তালিকা তৈরি করতে হবে।
- যথাসময়ে উন্নত মানের বীজ ও সার সরবরাহ নিশ্চিত করতে হবে (প্রয়োজনে বীজের অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা করে নিতে হবে)।
- যথাস্থানে গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে উপকরণ বিতরণ নিশ্চিত করতে হবে।
- সার বিতরণের ক্ষেত্রে বস্তা না খুলে গ্রুপ আকারে কৃষকদের মাঝে বিতরণ করতে হবে।
- কৃষকরা যাতে কোন প্রকার হয়রানির স্বীকার না হয় সে দিকে খেয়াল রাখতে হবে।
- বিতরণের সময় ও পরে চাষাবাদের কারিগরি বিষয়ে কৃষকদের সাথে আলোচনা করতে হবে।
- প্রণোদনা কর্মসূচীর মালামালের (সার ও বীজ) মানের ক্ষেত্রে কোন প্রকার Compromise চলবে না। Zero Tolerance নীতিতে মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
- প্রণোদনা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের সাথে সাথে সংশ্লিষ্ট সকল প্রমানক/ ডকুমেন্টস ( অগ্রাধিকার তালিকা / মাষ্টার রোল) নিজ নিজ অফিস ওয়েব পোর্টাল/ বাতায়নে আপলোড পূর্বক নিরাপদে অফিসে সংরক্ষণ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

**সমলয় চাষাবাদে দক্ষতা বৃদ্ধি :**

- সমলয় বিষয়টি কৃষকদের মৌসুম শুরুর পূর্বেই গুরুত্বসহকারে তুলে ধরে বুঝিয়ে বলতে হবে।
- চারা উৎপাদন ও রোপণের বিষয়ে অভিজ্ঞ দক্ষ লোক দ্বারা সমলয়ের সাথে সংশ্লিষ্ট কৃষকদের দক্ষতা উন্নয়নের ব্যবস্থা করতে হবে এবং চারা তৈরির প্রযুক্তিগত জ্ঞান সঠিক ভাবে কৃষকদের মাঝে প্রদান করতে হবে।
- সঠিক বয়সের চারা রোপণ নিশ্চিত করতে হবে।
- যান্ত্রিকীকরণের নিমিত্তে কৃষি যন্ত্রপাতির ব্যবহারে দক্ষ জনবল তৈরি এবং যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিত করতে হবে।
- জমি নির্বাচনের ক্ষেত্রে সমলয়ের নির্দেশনা পালন করতে হবে।
- GAP নিশ্চিত করতে হবে।
- যথাসময়ে আন্ত:পরিচর্যা ( সার প্রয়োগ, সেচ প্রদান, আগাছা দমন, রোগবালাই দমন ও অন্যান্য) ব্যবস্থা নিতে হবে।

উপজেলা কৃষি অফিসার,  
গোপালগঞ্জ সদর/ কোটালীপাড়া/  
মুকসুদপুর/ কাশিয়ানী/ টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।



(আঃ কাদের সরদার)  
উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, গোপালগঞ্জ  
টেলিফোন : ০২-৪৭৯৯৬১১০৩  
[ddaegopal@gmail.com](mailto:ddaegopal@gmail.com)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৪। অতিরিক্ত উপপরিচালক, শস্য/ পিপি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, গোপালগঞ্জ।
- ৫। অফিস কপি।